

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।
ওয়েব সাইড: www.techedu.gov.bd.

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-১৩২

তারিখঃ ১৩/০২/২০১৭খ্রিঃ

বিষয় : খুলনা জেলার দাকোপ উপজেলাধীন চালনা কে. সি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ জন শিক্ষক-কর্মচারীর এমপিও প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার দাকোপ উপজেলাধীন চালনা কে. সি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ট্রেড ইন্সট্রাক্টর(জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস) পদে জনাব জীবন কুমার সাহা, সহকারী শিক্ষক(গনিত) পদে জনাব দেবশীষ কুন্ডু এবং কম্পিউটার প্রদর্শক পদে জনাব মিল্টন মন্ডল এর এমপিও ভুক্তির জন্য আবেদন অত্র অধিদপ্তরে জমা করেন।

২। আবেদন যাচাই-বাছাই করে ৩১/০৫/২০১৬খ্রিঃ তারিখে ৩০তম এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করা হলে প্রয়োজনীয় তথ্যাদির ঘাটতি থাকায় তাদের এমপিও ভুক্তিকরণের বিষয়টি বিবেচনা করা হয়নি।

৩। পরবর্তীতে ডকেট নং-৮২৫/১৬ তারিখঃ ২৬/১০/২০১৬খ্রিঃ, ১৫৮৭/১৬ তারিখঃ ২০/১০/২০১৬খ্রিঃ, ১৭৫৫/১৬ তারিখঃ ১১/১২/২০১৬খ্রিঃ এবং ২/১৭ তারিখঃ ০১/০১/২০১৭খ্রিঃ মূলে প্রতিষ্ঠান প্রধান এমপিও সংক্রান্ত সংযুক্ত কাগজপত্র প্রেরণ করেন। আবেদনকারী ০৩ জনের নিয়োগের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির একাধিক অভিযোগ অত্র দপ্তরে পাওয়া যায়। আবেদনকারীদের এমপিও বিবেচনার ক্ষেত্রে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি যাচাই-বাছাই করে এর সঠিকতা নিশ্চিত হওয়া প্রয়োজন।

ক) নিয়োগ সংক্রান্ত মূল রেজুলেশন বহি

খ) সকল প্রার্থীর মূল টেলিফোন শীট

গ) হালনাগাদ এ্যাফিলিয়েশন ফি জমাদানের কপি এবং বাকাশিবো কর্তৃক স্বীকৃতি নবায়নের কপি

ঘ) সর্বশেষ ০৩ বছরের এসএসসি(ভোকেশনাল) শাখার পাশের অনলাইন ফলাফলের ফটোকপি

ঙ) এমপিও ভুক্তির জন্য মন্ত্রণালয়ের আদেশের মূল কপি

চ) বাকাশিবো কর্তৃক ট্রেড অনুমোদনের মূল কপিসমূহ

ছ) এসএসসি(ভোকেশনাল) শাখার নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির ব্যাখ্যা

এমতাবস্থায়, এমপিও সংশ্লিষ্ট বর্ণিত মূল কাগজপত্র এবং উহার ০১(এক)সেট সত্যায়িত ফটোকপিসহ প্রতিষ্ঠান প্রধানকে আগামী ২৩/০২/২০১৭খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অত্র দপ্তরে উপস্থিত থেকে কাগজপত্রাদি যাচাই-বাছাই কার্যে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

প্রাপক :
প্রধান শিক্ষক
চালনা কে. সি পাইলট মাধ্যমিক বিদ্যালয়
দাকোপ, খুলনা

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-১৩২(০৭)

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। জেলা প্রশাসক, খুলনা।

২। উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।

৪। সভাপতি, চালনা কে. সি পাইলট মাধ্যমিক বিদ্যালয়, পোঃ চালনা বাজার, উপজেলাঃ দাকোপ, জেলাঃ খুলনা।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৬। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সংরক্ষণ নথি।

স্বাক্ষরিত/-

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

ও

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

তারিখঃ ১৩/০২/২০১৭খ্রিঃ

(মোহাম্মদ আতিকুর রহমান)
সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ০২-৮১৮১২৩১